

🗏 আল-হাক্কাহ | Al-Haqqa | ٱلْحَاقَّة

আয়াতঃ ৬৯: ৯

💵 আরবি মূল আয়াত:

وَ جَآءَ فِرعُونُ وَ مَن قَبلَةٌ وَ المُؤتَفِكُتُ بِالخَاطِئَةِ ﴿٩﴾

আর ফির'আউন, তার পূর্ববর্তীরা এবং উল্টে দেয়া জনপদবাসীরা পাপাচারে লিপ্ত হয়েছিল। — আল-বায়ান ফেরাউন আর তার পূর্ববর্তীরা আর উল্টে দেয়া জনপদবাসীরা গুরুতর পাপে লিপ্ত ছিল। — তাইসিরুল ফির'আউন, তার পূর্ববর্তীরা এবং লৃত সম্প্রদায় পাপাচারে লিপ্ত ছিল। — মুজিবুর রহমান

And there came Pharaoh and those before him and the overturned cities with sin. — Sahih International

- ৯. আর ফিরআউন, তার পূর্ববর্তীরা এবং উল্টিয়ে দেয়া জনপদ পাপাচারে লিপ্ত ছিল।(১)
 - (১) مُؤْتَفِكَات এর এক অর্থ উল্টে দেয়া, যা উপরে বর্ণিত হয়েছে। অন্য অর্থ পরস্পরের মিশ্রিত ও মিলিত। লুত আলাইহিস সালাম এর সম্প্রদায়ের বস্তিসমূহকে مُؤْتَفِكَات বলা হয়েছে। [কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

- (৯) আর ফিরআউন, তার পূর্ববর্তীরা এবং উল্টে যাওয়া বস্তিবাসীরা (লৃত সম্প্রদায়) [1] পাপ করেছিল।
 - [1] উল্টে যাওয়া বস্তিবাসীরা বলতে লূত (আঃ)-এর সম্প্রদায়কে বুঝানো হয়েছে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5332

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন